



Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

বায়রা/৩(৯)/২০২১/৮৩

তারিখঃ ০৩/০৩/২০২১

বরাবর

বায়রা'র সম্মানিত সদস্য (সকল)

কুরিয়া

মহোদয়,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

আপনি অবগত আছেন যে, গঠিত নির্বাচন বোর্ড কর্তৃক ১০/০২/২০২১ তারিখে বায়রা কার্যনির্বাহী কমিটির ২০২১-২০২৩ মেয়াদের নির্বাচনের তফসীল ঘোষণা করা হয়েছে। উক্ত তফসীল আপনাদের ঠিকানায় কুরিয়ার যোগে, ই-মেইলে ও হোয়াটসঅ্যাপে প্রেরণ করা হয়েছে এবং দুইটি দৈনিক পত্রিকায় ও বিভিন্ন নোটিশ বোর্ডে তা প্রকাশ করা হয়েছে। বর্ণিত তফসীলের ক্রমিক নং-১ এর (ক) এসোসিয়েশনের সকল প্রকার বকেয়াসহ ২০২০ খ্রিঃ পর্যন্ত চাঁদা পরিশোধ; (খ) হালনাগাদ রিক্রুটিং লাইসেন্সের সত্যায়িত প্রতিলিপি দাখিল; (গ) হালনাগাদ আয়কর পরিশোধের সার্টিফিকেট/আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র ইত্যাদির সত্যায়িত প্রতিলিপি দাখিল; এবং (ঘ) সম্প্রতি তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিয়ে প্রাথমিক ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য বলা হয়েছে।

এমতাবস্থায়, যারা এখনো উল্লেখিত কাগজপত্রাদি জমা প্রদান করেননি তাঁদেরকে অনুগ্রহপূর্বক নির্বাচন বোর্ডের তফসীল মোতাবেক প্রাথমিক ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য আগামী ০৮ মার্চ ২০২১ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের যাবতীয় বকেয়া পরিশোধসহ চাহিত কাগজপত্রাদি দাখিল করে প্রাথমিক ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য এবং নির্বাচন সংশ্লিষ্ট পরবর্তী কার্যাদি যথাসময়ে প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

উল্লেখ্য, সম্মানিত সদস্যদের নির্বাচন সংশ্লিষ্ট সেবা গ্রহণের সুবিধার্থে আগামী ০৫/০৩/২০২১ তারিখ, শুক্রবারেও বায়রা সচিবালয় সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত খোলা থাকবে। আরো উল্লেখ্য যে, বর্ণিত কাগজপত্রাদির অনুলিপি/ফটোকপি বায়রা অফিস থেকে সত্যায়িত করা যাবে।

শ্রদ্ধান্তে,

মুহাম্মাদ মাকসুদুর রহমান
(মুহাম্মাদ মাকসুদুর রহমান)
সচিব (প্রশাসন), বায়রা।

অনুলিপিঃ

- ১। প্রশাসক, বায়রা।
- ২। চেয়ারম্যান, নির্বাচন বোর্ড, বায়রা।

Tel: 88-0241032136-38

Fax: 88-0241032144